উপজেলা শিক্ষা অফিস, পুঠিয়া, রাজশাহী।
প্রাপ্ত নং ২১১
তারিখ ১৭/৯/১৯
সহকারী উপজেলা শিক্ষা অফিসার
উচ্চমান সহকারী/অফিস সহকারী/হিসাব সহকারী
তারিখের মধ্যে নথিতে
দিবেন/আলাপ করুন
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
রাজশাহী।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটি, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, রাজশাহীর সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মো: আব্দুস সালাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী।
সভার স্থান ঃ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহীর অফিস কক্ষ।
তারিখ ও সময় ঃ ২৭/০৮/২০১৯খ্রিঃ, বিকাল ০৪.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের উপস্থিতি

| ক্রঃ নং | উপস্থিত সদস্য বৃন্দের নাম ও ঠিকানা | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব নূর আখতার জান্নাতুল ফেরদৌস, সহকরী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, এ দপ্তর। | সদস্য | স্বাক্ষরিত |
| ০২. | জনাব মোঃ অহিদুল ইসলাম, সহকরী মনিটরিং অফিসার, এ দপ্তর। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩. | জনাব মোঃ সাইফুল ইসলাম, সহকরী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, এ দপ্তর। | সদস্য-সচিব | স্বাক্ষরিত |

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিস্তারিত আলোচনা করার জন্য কমিটির সদস্য সচিব জনাব মোঃ সাইফুল ইসলাম, সহকরী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহীকে অনুরোধ করেন। প্রথমেই তিনি গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। এরপর নিম্নোক্ত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | নিয়মিত সভার আয়োজন | প্রতি দুই মাস অন্তর অন্তর নৈতিকতা কমিটির সভা, মাসিক সমন্বয় সভার আলোচ্য সূচী ও প্রশিক্ষণে জাতীয় শুদ্ধাচার কৌশল অন্তর্ভূক্তকরণ, সচেতনতা বৃদ্ধিমূলক সভা এবং অংশীজনের সভা অনুষ্ঠান করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | প্রতি দুই মাস অন্তর অন্তর নৈতিকতা কমিটির সভা, মাসিক সমন্বয় সভার আলোচ্য সূচী ও প্রশিক্ষণে জাতীয় শুদ্ধাচার কৌশল অন্তর্ভূক্তকরণ, সচেতনতা বৃদ্ধিমূলক সভা এবং অংশীজনের সভা করার বিষয়ে বিস্তারিত আলোচনা এবং আলোচনান্তে নিয়মিত সভা করা ও তা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউইও এবং এইউইও |
| ০২. | প্রতিবেদন প্রেরণ। | প্রতি দুই মাস অন্তর অন্তর নৈতিকতা কমিটির সভা শেষে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সভার প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা হয়। কমিটির সদস্য সচিব সভায় জানান উপজেলা/থানা থেকে নৈতিকতা কমিটির সভা শেষে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এ দপ্তরে সভার প্রতিবেদন প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত থাকা সত্বেও উপজেলা/থানার প্রায় সকল দপ্তর হতে প্রতিবেদন পাওয়া যাচ্ছে না। উপজেলা/থানা থেকে নিয়মিত প্রতিবেদন না পাওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। | উপজেলা/থানা থেকে নৈতিকতা কমিটির সভা শেষে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এ দপ্তরে সভার প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। নির্ধারিত সময়ে প্রতিবেদন প্রেরণ না করলে সংশ্লিষ্ট দপ্তরের বিরুদ্ধে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে রিপোর্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউইও এবং এইউইও |
| ০৩ | বেসামরিক সরকারী চাকরিজিবিদের পেনশন সহজীকরণ | কমিটির সদস্য সচিব জনাব মোঃ সাইফুল ইসলাম সভায় জানান বেসামরিক সরকারী চাকরিজিবিদের পেনশন সহজীকরণের জন্য জেলা ও উপজেলা পর্যায়ের প্রতিটি অফিসে কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। সভায় চাকরিজিবিদের পেনশন সহজীকরণ ও কল্যাণ কর্মকর্তা নিয়োগ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সভায় চাকরিজিবিদের পেনশন সহজীকরণ বিষয়ে জেলা ও উপজেলা পর্যায়ের প্রতিটি অফিসের নিয়োগকৃত কল্যাণ কর্মকর্তা সব ধরনের সহযোগিতা দিবেন। শিক্ষক/কর্মচারীগণের পেনশন নিষ্পত্তিতে যে কোন ধরনের হয়রানী বা ঝামেলা এড়াতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(১) জনাব মোঃ সাইফুল ইসলাম, সহকরী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও কল্যাণ কর্মকর্তা, এ দপ্তর পেনশন প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে পিআরএল-এ যাওয়ার কমপক্ষে ০৩ মাস পূর্বে সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীদের পত্র দিয়ে জানিয়ে দিবেন।<br>(২) সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ পিআরএল ও অবসরে | শিক্ষক/কর্মচারী, অফিস প্রধান, কল্যাণ কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকলে |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | যাওয়ার কমপক্ষে ০২ মাস পূর্বে প্রয়োজনীয় সকল কাগজপত্র স্ব স্ব উপজেলা শিক্ষা অফিসারের নিকট দাখিল করবেন। উপজেলা শিক্ষা অফিসার দাখিলকৃত সকল কাগজপত্র যথাযথভাবে যাচাইপূর্বক জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহীর নিকট প্রেরণ করবেন। (৩) জেলা/উপজেলা পর্যায়ে আগত সেবা প্রত্যাশী শিক্ষক/কর্মচারীদের এ সংশ্লিষ্ট চিঠিপত্র ডকেটভূক্তির পর দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট ব্যক্তি সর্বোচ্চ ২ (দুই) কার্যদিবসের মধ্যে ডকেটভূক্তির ক্রমানুসারে তা নথিতে উপস্থাপন করবেন। (৪) জেলা ও উপজেলা পর্যায়ের স্ব স্ব কল্যাণ কর্মকর্তাকে পিআরএল ও অবসর সংশ্লিষ্ট পত্রের অনুলিপি দিবেন। (৫) জেলা/উপজেলা পর্যায়ে সেবা প্রত্যাশী শিক্ষক/কর্মচারীদের পেনশন নিস্পত্তিতে যে কোন ধরনের হয়রানী বা ঝামেলা এড়াতে সর্বোচ্চ ০৭ দিনের মধ্যে তা নিস্পত্তি করতে হবে। এর ব্যত্যয় ঘটলে দোষী ব্যক্তি চিহ্নিত করে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত রিপোর্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৭/০৮/১৯

(মোঃ আব্দুস সালাম)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটি
রাজশাহী।

২৮/০৮/১৯ ২৮/০৮/১৯

স্মারক নং জেপ্রাশিঅ/রাজঃ/এফ-শুদ্ধাচার/১৭০১(৫১) তারিখঃ ২৮.০৮.২০১৯খ্রিঃ।

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। জনাব নূর আখতার জান্নাতুল ফেরদৌস, সহকরী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, এ দপ্তর।
০২। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)..........................................রাজশাহী।
০৩। জনাব মোঃ অহিদুল ইসলাম, সহকরী মনিটরিং অফিসার, এ দপ্তর।
০৪। জনাব ..............................................., সহকরী উপজেলা শিক্ষা অফিসার ও কল্যাণ কর্মকর্তা,.................., রাজশাহী।
০৫। জনাব ..........................................................................................................................., রাজশাহী।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ-

০১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০২। জেলা প্রশাসক, রাজশাহী।
০৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। সংরক্ষণ নথি।

২৮/০৮/১৯
(মোঃ সাইফুল ইসলাম)
সহকরী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটি
রাজশাহী।

D:\ADPEO Saiful Sir\ADPEO SAIFUL\JATIO SHUDDHACHAR 2016.doc